# ASYCUDA World System এ Export General Manifest (EGM) দাখিল পদ্ধতিঃ

ASYCUDA World System এ Export General Manifest (EGM) দাখিলে নিম্নোক্ত stakeholder (অংশীজনের) কর্তৃক নিম্নোক্ত কার্যক্রম গ্রহণ করতে হয়ঃ

১। Feeder Operator: EGM এর জন্য General Segment দাখিল ও Registration সম্পন্নকরণ;

২। Shipping Agents: Master BL, House BL (Direct BL) দাখিলকরণ;


৩। Freight Forwarder: House BL দাখিলকরণ;

৪। Custom House কর্তৃক EGM দাখিল মনিটরিং ও EGM Close করা।

## Feeder Operator কর্তৃক EGM এর General Segment দাখিলঃ

Feeder Operator ASYCUDA World System এ ইউজার আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে নিম্নোক্তভাবে EGM এর General Segment দাখিল করবেনঃ

**অনুসৃত পদ্ধতিঃ**
১। Cargo Manifest
২। Data Management
৩। Manual Capture
৪। General Segment
৫। Feeder Operator





[Feeder Oprator অপশন না পাওয়া গেলে সংশ্লিষ্ট কাস্টম হাউসের আইটি কর্মকর্তার সাথে যোগোযোগ করে নিজ নিজ ইউজারে এ অপশন সংযুক্ত করে নিতে হবে। এটা শুধু EGM এর জন্য ব্যবহৃত হবে।)

Feeder Operator এর উপর মাউসের রাইট বাটন ক্লিক করার পর পরই একটি খালি General Segment আপনার স্ক্রিনে দৃশ্যমান হবে। Import General Segment ও Export General Segment দাখিলের প্রক্রিয়া প্রায় একই ধরণের। ৩ (তিন) টি বিশেষ ক্ষেত্রে ভিন্নতা রয়েছে। যেমনঃ

১। Export General Segment এ Nature:22 দিতে হয়, যা Import General Segment এ দিতে হয় 23। Export General Segment দাখিলের সময় Nature এর বিষয়টি বিশেষভাবে খেয়াল রাখতে হবে। Nature এর কারণেই IGM ও EGM এর মধ্যে পার্থক্য সূচিত হয়।

২। General Segment এর সর্বনিম্নে Import General Segment এর ক্ষেত্রে Container Vessel এর জন্য সর্বমোট Container/Box ও Weight(KG) এবং Non Container Vessel এর জন্য Packages ও Weight(KG) আবশ্যিকভাবে ইনপুট দিতে হয়। কিন্তু, Export General Segment এর ক্ষেত্রে Container Vessel এর জন্য সর্বমোট Container/Box ও Weight(KG) এবং Non Container Vessel এর জন্য Packages ও Weight(KG) উভয়ক্ষেত্রেই নিচের চিত্রানুযায়ী ০ (শুণ্য) ইনপুট দিতে হবে।




৩। Export General Segment দাখিলের পর পরই Feeder Operator রেজিষ্ট্রেশন সম্পন্ন করবেন। নীচে আমরা একটি নমুনা Export General Segment প্রত্যক্ষ করব। উক্ত নমুনা Export General Segment অনুসরণ করে Feeder Operator ASYCUDA World System এ EGM এর General Segment দাখিল করতে পারেন। প্রযোজ্য তথ্যাদি পরিবর্তন করে নিতে হবে।





উপরে প্রদর্শিত পদ্ধতিতে Export General Segment পূরণ সম্পন্ন হলে নিম্নের পদ্ধতি অনুসরণ করতে হবেঃ

১। verify

২। save


Verify আইকনে ক্লিক করার পর এ্যাসাইকুডা সিস্টেম কোন BL এটাচ করা হয়নি মর্মে একটি warning দিবে।





এ warning কোন সমস্যা নয়, শুধু টিক চিহ্নে ক্লিক করলেই অগ্রসর হওয়া যাবে। তবে, warning ব্যতীত অন্য কোন ভুল-ত্রুটি সিস্টেম কর্তৃক প্রদর্শিত হলে তা আমলে নিয়ে যথাযথভাবে সংশোধন করতে হবে। সকল তথ্য-উপাত্ত সঠিক হলে সিস্টেম কর্তৃক নীচের document verified স্ক্রিন দৃশ্যমান হবে।




document verified হলে Export General Segment  save করতে হবে। General Segment সেইভ হলে সিস্টেম নীচের ম্যাসেজ দিবেঃ





এরপর টিক চিহ্নে ক্লিক করলেই Feeder Operator কর্তৃক General Segment  save সম্পন্ন হবে।


## Feeder Operator কর্তৃক দাখিলকৃত General Segment: Find, View, Modify, Register করা:


### General Segment Find করার জন্য নীচের ইমেজ অনুসরণ করুনঃ

**অনুসৃত পদ্ধতিঃ**

১। Cargo Manifest
২। Data Management
৩। Manual Capture
৪। General Segment (Right Click)
৫। Find





Find এ ক্লিক করলে নীচের General Segment Finder স্ক্রিনে প্রদর্শিত হবে। নীচের ইমেজ অনুসরণ করে Finder এর ক্রাইটেরিয়ায় যথাযথ ইনপুট (প্রযোজ্য তথ্য) দেয়ার পর  এ আইকনে ক্লিক করলে view, modify করার জন্য General Segment পাওয়া যাবে।





**General Segment View, Modify করার জন্য নীচের ইমেজ অনুসরণ করুনঃ**

উপরে বর্ণিত পদক্ষেপ অনুসরণের মাধ্যমে General Segment পাওয়া গেলে মাউসের মাধ্যমে Right Click করলে View, Modify, Direct Register-Feeder অপশন পাওয়া যাবে। View অপশনে ক্লিক করলে General Segment Read only মুডে ভিউ হবে। যদি EGM রেজিষ্ট্রেশনের পূর্বে সংশোধনের প্রয়োজন হয়, তবে Modification অপশনে ক্লিক করতে হবে। আর যদি কোন সংশোধনের প্রয়োজন না হয়, তবে Direct Register-Feeder অপশন প্রয়োগের মাধ্যমে EGM এর রেজিষ্ট্রেশন সম্পন্ন করতে হবে। উল্লেখ্য, Modification এর জন্য General Segment open করে সংশোধন করলে পুণরায় verify ও save করতে হবে। আর Modification প্রয়োজন না হলে নীচের ইমেজ অনুসরণ করে রেজিষ্ট্রেশন সম্পন্ন করুন।





EGM এর General Segment এর রেজিষ্ট্রেশন সম্পন্ন হলে সিস্টেম রেজিষ্ট্রেশন সংক্রান্ত তথ্যাদি Feeder Operator কে প্রদান করবে।





**EGM এর রেজিষ্ট্রেশন সম্পন্ন হলে Feeder Operator অবশ্যই Office Code, Voyage Number, Date of Departure সংক্রান্ত তথ্যাদি সংশ্লিষ্ট Shpping Agent, Freight Forwarder গণকে অবহিতকরণপূর্বক BL দাখিলের জন্য অনুরোধ করবেন।**

Register করা General Segment সংশোধনের প্রয়োজন হলে উপরের পদ্ধতিতে Finder ব্যবহারের মাধ্যমে General Segment ফাইন্ডারে পাওয়া গেলে তার উপর মাউসের Right Click করলে নিম্নোক্ত অপশনসমূহ পাওয়া যাবে।




Modify Registered Manifest এ ক্লিক করলে General Segment ওপেন হবে। প্রয়োজনীয় modification সম্পন্ন হলে পূর্বের পদ্ধতিতে পুণরায় verify করতে হবে। Verification সফল হলে  টিক চিহ্নিত আইকনে ক্লিক করলে save হবে। Save সম্পন্ন হলে সিস্টেম ইউজারকে নিম্নোক্ত তথ্য প্রদান করবে।




# Shipping Agent কর্তৃক Master BL দাখিলঃ

EGM এর জন্য Shipping Agent কর্তৃক Master BL দাখিল অত্যন্ত সহজ একটি প্রক্রিয়া। Master BL দাখিলের পূর্বে Feeder Operator প্রদত্ত ৩ (তিন) টি গুরুত্বপূর্ণ তথ্য অবশ্যই জানতে হবেঃ

১। Office Code
২। Voyage Number
৩। Date of Departure

**উপরোক্ত তথ্যাদির আলোকে Shipping Agent নীচের পদ্ধতি অনুসরণ করে Master BL তৈরী করবেনঃ**

১। Cargo Manifest
২। Data Management
৩। Manual Capture
৪। Waybill (Right Click)
৫। Add BL to reg.manifest




উপরোক্ত পদ্ধতি অনুসরণ করে Add BL to reg.manifest ক্লিক করলেই একটি খালি BL ফর্ম স্ক্রিনে দৃশ্যমান হবে। সে ফর্মে Office Code, Voyage Number, Date of Departure এন্ট্রি দিলে General Segment এর সাথে সংযোগ স্থাপিত হওয়ায় স্বয়ংক্রিয়ভাবে General Segment এর অনেক প্রয়োজনীয় তথ্যাদি Master BL এ চলে আসবে। Export এর Master BL তৈরীতে Import এর মত কন্টেইনার সংখ্যা, প্যাকেজ সংখ্যা, ওজন, পণ্যের বর্ণনা, কারেন্সী কোড, ভ্যালু ও কন্টেইনার সেগমেন্টে কোন তথ্য দিতে হয় না। General Segment হতে Master BL এ স্বয়ংক্রিয়ভাবে তথ্য আসার পর কেবল নিম্নোক্ত তথ্যাদি এন্ট্রি দিলেই Master BL হয়ে যাবে (নীচের নমুনা BLঅনুসরণ করে Master BL তৈরী করা যাবে)। যেমনঃ


১। Master BL Number

২। BL Type (MSB দিতে হবে)

৩। Consignor/Exporter (Freight Forwarder এর AIN দিতে হবে। কোন কারণে AIN সিস্টেম accept না করলে Freight Forwarder এর Name, Address এন্ট্রি দিতে হবে।

৪। Consignee/Importer এর জায়গায় বৈদেশিক Freight Forwarder এর Name, Address এন্ট্রি দিতে হবে।

৫। Notify Name, Address এ by default সিস্টেম n/a প্রদর্শন করবে। n/a এর স্থলে প্রকৃত Notify এর তথ্য জানা থাকলে তা এন্ট্রি দিতে হবে। অন্যথায়, Consignee/Importer এর Name, Address এখানে copy করে দিতে হবে।


ASYCUDA
Manifest - Waybill
Office of departure / arrival
301 CustomHouse,Chittagong
General Information
Voyage number: SC049R
Date of departure/Sail: 13/12/2020
Date of arrival: 18/12/2020
Time of arrival
Registration number: 2020 / 4048
BL/AWB/TR/RR Ref No: MEDUKA578278 (1)
BL/AWB/TR/RR Type: (2) MSB Master Sea Bill
Nature: 22
Last discharge
Line number: 1
Master BL/AWB
Consolidated Cargo
DG Status
Port of Origin: BDCGP Chittagong
Place of unloading: LKCMB Colombo
Carrier/Shipping Agent
301174361
MSCMEDITERRANEANSHIPP.CO.BD.LTD
IIUCTOWER 4THFLOOR
1700/A SK.MUJIB ROAD PLOT-09
AGRABADCHITTAGONG
null
Shipping agent
Consignor/Exporter
101110304 (3)
SEAGOLDSUPPLYCHAINMANAGEMENTLTD
87,AGRABADC/A,FACYBUILDING (4THFL
OOR),AGRABAD,CHITTAGONG-4100.
Transport
Mode of Transport: 1 Sea Transport
Vessel/Transport Name: OELCOLOMBO
Nationality: PA Panama
Notify
C.HROBINSONINTERNATIONALINC (5)
14800 CHARLSON RD STE 400 EDEN PRIVATE, MN 55347-5048UNITED STATES TEL. 952-937-7780 FAX 312-660-4026
Importer/Consignee
C.HROBINSONINTERNATIONALINC (4)
14800 CHARLSON RD STE 400 EDEN PRIVATE, MN 55347-5048 UNITED STATES TEL. 952-937-7780 FAX 312-660-4026
Goods Details
Total containers: 0
Packages codes: BX Box
Status: MST
Number of degrouped BL/AWB: 0
Marks & Numbers: VARIOUS
Manifested packages: 0.00
Remaining packages
Manifested gross wt: 0.00
Remaining gross wt
Volume(CBM)
Description of goods: VARIOUS

উপরে প্রদর্শিত নমুনা Master BLঅনুসরণ করে Master BL তৈরী সম্পন্ন হলে তা verify না save করতে হবে। Verify করলে Notify Name, Address n/a n/a হয়ে যাবে, তাই verify না করা বাঞ্চনীয়। Save করার পর Master BL Reference number Freight Forwarder কে সরবরাহ করতে হবে।

## Shipping Agent, Freight Forwarder কর্তৃক House BL দাখিলঃ

**সতর্কতাঃ**

১। House BL ইস্যুর জন্য Bill of Export পেমেন্টকৃত হতে হবে।

২। BL Numbering এর ক্ষেত্রে Shipping Agent, Freight Forwarder কর্তৃক ইস্যুকৃত House BL Number ও ASYCUDA World System এ দাখিলকৃত House BL Number ও তথ্য-উপাত্ত একই হতে হবে।

৩। ASYCUDA World System এ BL দাখিল ব্যতীত কোন বিএল Shipper, Consignee, Bank এ হস্তান্তর করা যাবে না।

৪। ASYCUDA World System এ BL দাখিল না করলে কাস্টমস কর্তৃপক্ষ EXP রিলিজ করবে না।


৫। ১(এক) টি Bill of Export দিয়ে একটি House BL হবে। একাধিক Bill of Export এর বিপরীতে একটি House BL তৈরির কোন সুযোগ নেই।

EGM এর জন্য Shipping Agent, Freight Forwarder কর্তৃক House BL দাখিলের প্রাথমিক কার্যক্রম Master BL এর অনুরুপ। তবে, পরবর্তী পর্যায়ে কিছুটা ভিন্নতা রয়েছে। House BL দাখিলের পূর্বে Feeder Operator প্রদত্ত ৩ (তিন) টি গুরুত্বপূর্ণ তথ্য অবশ্যই জানতে হবেঃ

১। Office Code
২। Voyage Number
৩। Date of Departure

**উপরোক্ত তথ্যাদির আলোকে Shipping Agent, Freight Forwarder নীচের পদ্ধতি অনুসরণ করে House BL তৈরী করবেনঃ**

১। Cargo Manifest
২। Data Management
৩। Manual Capture
৪। Waybill (Right Click)
৫। Add BL to reg.manifest




উপরে প্রদর্শিত পদ্ধতিতে Add BL to reg.manifest ক্লিক করলেই একটি খালি BL ফর্ম স্ক্রিনে দৃশ্যমান হবে। সে ফর্মে Office Code, Voyage Number, Date of Departure এণ্ট্রি দিলে General Segment এর সাথে লিংক স্থাপিত হওয়ায় স্বয়ংক্রিয়ভাবে General Segment এর অনেক প্রয়োজনীয় তথ্যাদি House BL এ চলে আসবে।

Export এর House BL তৈরী হুবহু Import এর মত নয়। **EGM এর ক্ষেত্রে Paid করা Bill of Export হতে House BL তৈরী হয়।** তবে, BL সেগমেন্টে মোট কন্টেইনার সংখ্যা ইউজারকে দিতে হয় এবং সে মোতাবেক কন্টেইনার সেগমেন্টে কন্টেইনারের তথ্য দিতে হয় ।

নতুন BL ফর্ম স্ক্রিনে দৃশ্যমান হলে Office Code, Voyage Number, Date of Departure এণ্ট্রি দেবার পর BL Number, BL Type: HSB সিলেক্ট করলে নীচের টুলবারে SAD Export নামে নতুন ট্যাব দৃশ্যমান হবে। উল্লেখ্য, House BL তৈরীর সময় যদি Master BL নম্বর জানা থাকে, তবে তা এণ্ট্রি দিতে হবে। আর সে সময় জানা না থাকলে BL modification এর মাধ্যমে তা পরে এণ্ট্রি দেয়া যাবে।

BL এর নীচের টুলবারের প্রতি লক্ষ করা যাক।




SAD Export এ ক্লিক করলে একটি নতুন উইন্ডো আসবে। সে উইন্ডোতে Office Code, Bill of Export No, Bill of Export Date সিলেক্ট করলে House BL তৈরী হবে। BL Number এর ক্ষেত্রে Shipping Agent, Freight Forwarder নিজস্ব BL Number ব্যবহার করতে পারবেন। নিজস্ব BL Number ব্যবহার না করলে সিস্টেম Office Code+Bill of Export Number+4 Digit Year সমন্বয়ে ১৪ ডিজিটের অটো BL Number বরাদ্দ করবে।

SAD Export এ ক্লিক করলে নীচের উইন্ডো আসবেঃ





উপরের উইন্ডোতে:

Office:102 (যে অফিসে Bill of Export দাখিল হয়েছে, তার অফিস কোড)

Serial: C (Fixed- কোন কিছু এণ্ট্রি দিতে হবে না।)


Number: 30750 (Bill of Export Number),

Date: Bill of Export Date এণ্ট্রি দেবার পর ডান পার্শ্বে প্রদর্শিত  Add Declaration আইকনে ক্লিক করতে হবে। ক্লিক করার পর নিম্নরূপ দেখাবেঃ



| Customs Office | Registration Serial | Registration No. | Registration Date |
|---|---|---|---|
| 102 | C | 30750 | 10/12/2020 |

অতপর নীচের টুলবার হতে BL/AWB/TR/RR ট্যাবে ক্লিক করে BL ফর্মে ফেরৎ গেলে দেখা যাবে Bill of Export এর তথ্যের আলোকে House BL তৈরী হয়েছে। এখন অপর পৃষ্ঠার নমুনা House BL টি দেখা যাক।



Office of departure / arrival
301 | CustomHouse,Chittagong

**General Information**

Voyage number: 2021S
Date of departure/Sail: 17/12/2020
Date of arrival: 21/12/2020
Time of arrival:
Registration number: 2020 / 4015
BL/AWB/TR/RR Ref No: DAC201270265
BL/AWB/TR/RR Type: HSB | House Sea Bill
Nature: 22
Last discharge:
Line number: 3 | 1
Master BL/AWB: DACA23933800
Consolidated Cargo:
DG Status:
Port of Origin: BDCGP | Chittagong
Place of unloading: LKCMB | Colombo

**Carrier/Shipping Agent**

301190527
CEVAFREIGHT(BANGLADESH)CO.LTD.
SURAYAMANSION2NDFLOOR
30AGRABADC/A.,CHATTOGRAM
null
null
Shipping agent

**Consignor/Exporter**

001245086-0403
Mehnaz Styles and Craft Ltd.
Bangabandhu Road, Tongabari,
Ashulia, Savar, Dhaka; Ashulia PS;
Dhaka- 1341; Bangladesh

**Transport**

Mode of Transport: 1 | Sea Transport
Vessel/Transport Name: SOLSTRAITS
Nationality: PA | Panama

**Notify**

N/A
N/A

**Importer/Consignee**

PRIMARKUSCORP. 101ARCHSTREET,S
UITE 300, BOSTON MA 02110
U.S.A

**Goods Details**

Total containers: 0
Packages codes: NE | Unpacked or unpackaged
Status: HSE
Number of degrouped BL/AWB: 0
Marks & Numbers: -,
Manifested packages: 391.00
Remaining packages: 391.00
Manifested gross wt: 1,709.49
Remaining gross wt: 1,709.49
Volume(CBM):
Description of goods: NOTIC TUNIC,TWISTBLOUSE OPP SET,
Location

**Declared Values and Seals Details**

P/C Ind
Freight amount and currency
Value for customs: 20,736.50 USD
Value for transport
Value for insurance: 0.00
Seals number
Marks
Party
Remarks

**Onward Transport**

Transit
Doc. reference
Transhipment
Doc. reference
Carrier

দেখা যাচ্ছে, পূর্বে বর্ণিত কয়েকটি তথ্য ব্যতীত সকল তথ্যাদি Bill of Export হতে স্বয়ংক্রিয়ভাবে এসেছে। BL এর Goods Details এর প্রতি দৃষ্টিপাত করলে দেখা যায় Total container=0 আছে। Container সংযোজন করতে হলে 0 এর বদলে Container এর সঠিক সংখ্যা এখানে দিতে হবে। আর Container না থাকলে উপরের টুলবার হতে  এই আইকনে ক্লিক করে verify করতে হবে। Verify সফল হলে সিস্টেম নিম্নরুপ ম্যাসেজ প্রদান করবে। উল্লেখ্য, Bulk Carrier, Aircraft, Rail, Truck ইত্যাদির ক্ষেত্রে container প্রযোজ্য নয়।



তবে, verify করলে Notify Name, Address n/a n/a হয়ে যাবে, তাই verify করার পরই Notify Name, Address এণ্ট্রি করা উত্তম। প্রকৃত Notify এর তথ্য জানা থাকলে তা এণ্ট্রি দিতে হবে। অন্যথায়, Consignee/Importer এর Name, Address এখানে copy করে দিতে হবে।

এখন উপরের টুলবার হতে ✓ এই আইকনে ক্লিক করে save করতে হবে। Save সফল হলে সিস্টেম নিম্নরুপ ম্যাসেজ প্রদান করবে।




## House BL এ Container সংযোজন ও আপডেট করাঃ


House BL এ Container add করতে হলে BL এর Goods Details এর Total container 0 এর স্থলে যে কয়টি Container add করা হবে, তার সঠিক সংখ্যা এখানে দিতে হবে। তারপর নীচের টুলবারের




Containers ট্যাবে ক্লিক করলে Container Page খুলবে। নিম্নের পদ্ধতিতে Container Page এ ইনপুট দিতে হবে। Gross weight এ ইনপুট দেবার কি বোর্ড হতে Tab Press করলে কার্সর প্রথমে চলে আসবে।




এখন উপরের টুলবার হতে এ আইকনে ক্লিক করলে Container Page এর ডাটা ইনপুট সম্পন্ন হবে এবং তা নিচের সারিতে দেখা যাবে।



| Container number | Nbr. of pkg | Ctn Type | Status | Seals No | IMCO | UN | Ctn. Loc... | Commodity code | Gross weight |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| GSTU9876654 | 40.00 | 22G1 | FCL | | | | | | 950.00 |


এখন নীচে প্রদর্শিত টুলবারের প্রথম আইকনে ক্লিক করে verify করতে হবে।



Verify সফল হলে সিস্টেম নীচের ম্যাসেজ প্রদান করবে।




তারপর উপরে প্রদর্শিত টুলবারের দ্বিতীয় আইকনে  ক্লিক করে save করতে হবে। Save সফল হলে সিস্টেম নিম্নরুপ ম্যাসেজ প্রদান করবে।




## House BL এ Container Segment আপডেট করাঃ


উপরে বর্ণিত হয়েছে EGM এ Bill of Export হতে BL তৈরী হয়। সে কারণে Container Segment এর আপডেট ব্যতীত BL এ অন্য কোন ধরণের পরিবর্তন করা যায় না। উদাহরণস্বরুপ, Short Shipment এর ক্ষেত্রে সাধারণতঃ Weight, Package, Value এর পরিবর্তন হয়ে থাকে। Container Segment ব্যতীত অন্য কোন সংযোজন, বিয়োজনের (যেমনঃShort Shipment) প্রয়োজন হলে তা কাস্টমস কর্তৃক Bill of Export এ সম্পাদিত হলে স্বয়ংক্রিয়ভাবে তা BL এ আপডেট হয়ে থাকে। কাস্টমস কর্তৃক Weight, Package পরিবর্তন করা হলে সে আলোকে Shipping Agent, Freight Forwarder কর্তৃক Container Segment আপডেট করা বাঞ্চনীয়। এ আপডেট/মডিফিকেশন কাস্টমস কর্তৃক EGM Close করার পূর্ব পর্যন্ত করা যাবে। **EGM Close হয়ে গেলে EGM সংশ্লিষ্ট কোন পক্ষই EGM এ আর কোন ধরণের সংযোজন, বিয়োজন,আপডেট/মডিফিকেশন করতে পারবেন না (এমনকি কাস্টমস কর্তৃপক্ষও করতে পারবেন না)।**

### Waybill Finder ব্যবহারঃ


Waybill Finder ব্যবহার করে যে BL এর Container Segment আপডেট করা হবে সে BL কে Modification এর জন্য ওপেন করতে হবেঃ

### BL Find করার জন্য অনুসৃত পদ্ধতিঃ


১। Cargo Manifest
২। Data Management
৩। Manual Capture
৪। Waybill
৫। Right Click
৬। Find




এরপর BL Finder স্ক্রিনে দৃশ্যমান হলে, সেখানে প্রযোজ্য ইনপুট দিতে হবে।





উপরের পদ্ধতিতে ইনপুট দিয়ে এ আইকনে ক্লিক করলে সিস্টেম BL টি Modification এর জন্য রিটার্ণ করবে।




এখন BL এর উপর Right Click করলে View, Modification অপশন পাওয়া যাবে। Modification এ ক্লিক করলে BL টি ওপেন হবে। BL ওপেন হলে নীচের ট্যাব হতে Containers ট্যাবে ক্লিক করলে Container Page খুলবে।

তারপর নিম্নের পদ্ধতিতে যে Container এর ডাটা আপডেট করতে হবে ক্লিক করে সেটি সিলেক্ট করুন। Right Click করলে Remove, Update অপশন পাওয়া যাবে।




Update এ ক্লিক করলে সিলেক্ট করা Container এর ডাটা নীচ হতে উপরে উঠে যাবে।




এখন পূর্বের নিয়মে  সংশোধন করে Tab চেপে কার্সর প্রথমে নিতে হবে। উপরের টুলবার হতে এ আইকনে ক্লিক করলে Container এর ডাটা আপডেট হয়ে যাবে। যে কয়টি Container এর ডাটা আপডেট করতে হবে তা এ পদ্ধতিতে সম্পন্ন করতে হবে।


এখন নীচে প্রদর্শিত টুলবারের প্রথম আইকনে ক্লিক করে verify করতে হবে।




Verify সফল হলে সিস্টেম নীচের ম্যাসেজ প্রদান করবে।




তারপর উপরে প্রদর্শিত টুলবারের দ্বিতীয় আইকনে  ক্লিক করে save করতে হবে। Save সফল হলে সিস্টেম নিম্নরুপ ম্যাসেজ প্রদান করবে।



## কাস্টমস কর্তৃক সম্পাদনযোগ্য EGM সংশ্লিষ্ট কার্যাবলীঃ

**কাস্টমস কর্তৃক সম্পাদনযোগ্য EGM সংশ্লিষ্ট কার্যাবলীকে ৭(সাত) ভাগে ভাগ করা যায়। যেমনঃ**

১। Feeder Operator গণ EGM এর জন্য নিয়মিতভাবে ASYCUDA World System এ General Segment দাখিল ও রেজিস্ট্রেশন করছেন কি না, তা মনিটরিং করা।

২। Shipping Agent গণ যথাসময়ে Master BL, House BL দাখিল করছেন কি না, তা মনিটরিং করা।

৩। Freight Forwarder গণ যথাসময়ে House BL দাখিল করছেন কি না, তা মনিটরিং করা।

৪। প্রতিটি Bill of Export এর Assessment সম্পন্ন করা ও Shipped on Board এর পূর্বেই যাতে Payment সম্পন্ন হয়, তা মনিটরিং করা।

৫। EXP রিলিজের পূর্বে অবশ্যই নিশ্চিত করতে হবে যে, সংশ্লিষ্ট Bill of Export এর বিপরীতে Shipping Agent/Freight Forwarder কর্তৃক ASYCUDA World System এ House BL দাখিল করা হয়েছে।

৬। Short Shipment নিশ্চিত হওয়া সাপেক্ষে প্রযোজ্য সংশোধনের জন্য Bill of Export এর Post Entry সম্পন্ন করা।

৭। যথাসময়ে EGM Close করা।


**ক্রমিকঃ ১ হতে ৩ এ বর্ণিত কার্যাবলী যেহেতু পূর্বেই (Feeder Operator, Shipping Agent, Freight Forwarder এর গণের কার্যাবলীতে) আলোচনা করা হয়েছে, সেহেতু এ সেকশনে কেবল ক্রমিকঃ ৪ হতে ৭ আলোচনা করা হবে।**

## Bill of Export এর Assessment সম্পন্ন করা ও Shipped on Board এর পূর্বেই যাতে Payment সম্পন্নকরণঃ


রপ্তানি শুল্কায়নের দায়িত্বে নিয়োজিত রেভেনিউ অফিসার (RO) Bill of Export এর Assessment সম্পন্ন করবেন। Pre-Payment পদ্ধতিতে Assessment এর সাথে সাথেই ASYCUDA World System কর্তৃক Payment সম্পন্ন হয়। যে সকল কাস্টম হাউস, কাস্টমস স্টেশনে এখনও Pre-Payment পদ্ধতি চালু হয়নি, ASYCUDA Team এর কারিগরি সহায়তায় সে সকল কাস্টম হাউস, কাস্টমস স্টেশনে দ্রুততর সময়ে Export এর জন্য Pre-Payment পদ্ধতি চালু করা।

## EXP রিলিজের পূর্বে House BL দাখিল হয়েছে কি না, তা নিশ্চিত হওয়াঃ


EXP রিলিজের পূর্বে সংশ্লিষ্ট RO, ARO অবশ্যই নিশ্চিত হবেন যে, সংশ্লিষ্ট Bill of Export এর বিপরীতে Shipping Agent/Freight Forwarder কর্তৃক ASYCUDA World System এ House BL দাখিল করা হয়েছে। নিম্নের পদ্ধতি অনুসরণ করে তা নিশ্চিত হওয়া যাবেঃ

| | |
|---|---|
| Goods Clearance<br>Declaration<br>Detailed Declaration<br>Detailed Declaration<br>Right Click<br>Find examiner and section & |  |


Find examiner and section আইকনে ক্লিক করলে নীচের Finder Winow আসবে।





এখন উপরের Finder এ প্রযোজ্য তথ্যাদি প্রদান করে আইকনে ক্লিক করলে সিস্টেম চাহিত Bill of Export আপনাকে উপস্থাপন করবে।




উপরের ইমেজ অনুযায়ী Bill of Export সিলেক্ট করে তার উপরে Right Click করে View আইকনে ক্লিক করলে Bill of Export Read only mode এ ওপেন হবে। Bill of Export ওপেন হলে নীচের টুলবারের প্রতি লক্ষ করা যাক।




নীচের টুলবারে সর্বডানে EGM নামে একটি ট্যাব রয়েছে। ঐ ট্যাবে ক্লিক করলে একটি নতুন উইন্ডো আসবেঃ






উপরের ইমেজ পর্যবেক্ষণ করলে দেখা যাবে, উপরে Customs Office, Bill of Export Number, Date, Assessment Number, Date ইত্যাদি রয়েছে। আর নীচে Office, Manifest Year, Manifest No., B/L No., Voy. No., Dep. Date সংক্রান্ত তথ্যাদি রয়েছে। নীচের সারির তথ্য-উপাত্ত নিশ্চিত করছে যে, এ Bill of Export এর বিপরীতে B/L ইস্যু হয়েছে। যেহেতু, B/L ইস্যু হয়েছে সেহেতু রিলিজ করা যায়। **যদি নীচের সারিতে Manifest সংক্রান্ত কোন তথ্য-উপাত্ত না থাকে, তবে B/L ইস্যু হয়নি। কাজেই, EXP রিলিজ করা যাবে না।**

## Short Shipment নিশ্চিত হওয়া সাপেক্ষে প্রযোজ্য সংশোধনের জন্য Bill of Export এর Post Entry


Short Shipment এর ক্ষেত্রে নিশ্চিত হওয়া সাপেক্ষে প্রযোজ্য ক্ষেত্রে Gross Weight, Net Weight, No. of Package, Quantity, Value ইত্যাদি ক্ষেত্রে সংশোধনের প্রয়োজন হয়। এ কাজ সম্পন্নের জন্য Assessment পরবর্তী পর্যায়ে Post Entry করতে হয়। Post Entry সাধারণতঃ সহকারী/উপ কমিশনার পর্যায়ে সম্পাদিত হয়ে থাকে। ব্যতিক্রম হিসাবে কোন কোন কাস্টম হাউস, কাস্টম স্টেশনে Export এর Post Entry RO কর্তৃক সম্পাদতি হয়ে থাকে। **কাস্টমস কর্তৃক Bill of Export এ Post Entry এর মাধ্যমে পরিবর্তন সূচিত হলে, তা স্বয়ংক্রিয়ভাবে BL এ প্রতিফলিত হবে।**

**Post Entry সম্পাদন প্রক্রিয়াঃ** নীচের প্রক্রিয়া অনুসরণ করে **Post Entry** করা যায়ঃ


| | |
|---|---|
| Goods Clearance<br>Declaration<br>Detailed Declaration<br>Detailed Declaration<br>Right Click<br>Find examiner and section & |  |



আইকনে ক্লিক করলে নীচের Finder Winow আসবে।




এখন উপরের Finder এ প্রযোজ্য তথ্যাদি প্রদান করে আইকনে ক্লিক করলে সিস্টেম চাহিত Bill of Export আপনাকে উপস্থাপন করবে।




উপরের ইমেজ অনুযায়ী Bill of Export সিলেক্ট করে তার উপরে Right Click করে Retrieve আইকনে ক্লিক করলে Bill of Export amendment mode এ ওপেন হবে। Bill of Export ওপেন হলে প্রয়োজনীয় পরির্তন সম্পন্ন করে Bill of Export এর উপরের টুলবারের প্রথম আইকনে (নীচের ইমেজ অনুযায়ী) আইকনে ক্লিক করে verify করতে হবে।




Verify সফল হলে সিস্টেম নীচের ম্যাসেজ প্রদান করবে।





তারপর উপরে প্রদর্শিত টুলবারের দ্বিতীয় আইকনে (টিক চিহ্ন) ক্লিক করলে সিস্টেম নিম্নরূপ ম্যাসেজ প্রদান করবে।





এখন আবার (টিক চিহ্ন) আইকনে করলে সিস্টেম Post Entry সম্পন্ন হয়েছে মর্মে নিশ্চিত করবে। পরবর্তী ইমেজ অনুসরণ করা যাক।




Post Entry সম্পন্ন হয়েছে।  (টিক চিহ্ন) আইকনে ক্লিক করলে কি কারণে Post Entry করা হয়েছে, তা কোডেড ফর্মে Inspection Act এ লিপিবদ্ধ করার জন্য সিস্টেম স্বয়ংক্রিয়ভাবে Inspection Act retrieve করবে।




Inspection Act এ Gross Weight হ্রাস পাওয়ার কোড ব্যবহার করা হয়েছে। Amendment সংশ্লিষ্ট এ রকম আরও ৫(পাঁচ) টিসহ সর্বমোট ৬(ছয়) টি কোড Inspection Act এ ধারণ করার সুযোগ রয়েছে।Verify  আইকনে ক্লিক করে verify সম্পন্ন হলে  (টিক চিহ্ন) আইকনে ক্লিক করে validate করতে হবে। নীচের চিত্রটি দেখা যাক।



## EGM Close করাঃ


এটি সর্বশেষ ধাপ। মেনিফেস্ট/রপ্তানি মেনিফেস্ট রপ্তানি শাখা নির্দ্দিষ্ট সময়ে EGM Close করবেন। তৎপূর্বে Feeder Operator, Shipping Agent, Freight Forwarder গণ তাঁদের নিজ নিজ কার্যক্রম সমাপ্ত করছেন কি না, তা সময়ে সময়ে মনিটরিংপূর্বক নিশ্চিত হতে হবে। **একবার EGM Close হলে আর কোন প্রকারের সংশোধন, সংযোজন, বিয়োজন প্রযোজ্য হবে না। এ বিয়য়টি সংশ্লিষ্ট সকলকে অনুধাবণ করতে হবে।**

### EGM Close করার জন্য General Segment Find করাঃ


যে EGM Close করা হবে, সেটির General Segment নিম্নোক্ত উপায়ে Find করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।

**অনুসৃত পদ্ধতিঃ**

১। Cargo Manifest
২। Data Management
৩। Manual Capture
৪। General Segment (Right Click)
৫। Find





Find এ ক্লিক করলে নীচের General Segment Finder স্ক্রিনে প্রদর্শিত হবে। নীচের ইমেজ অনুসরণ করে Finder এর ক্রাইটেরিয়ায় যথাযথ ইনপুট (প্রযোজ্য তথ্য) দেয়ার পর এ আইকনে ক্লিক করলে view, modify, close করার জন্য General Segment পাওয়া যাবে।




| Name | criteria | value #1 | value #2 |
|---|---|---|---|
| Document Status | all | | |
| Barcode | all | | |
| Office code | equals | 301 | |
| Place of loading | all | | |
| Place of unloading | all | | |
| Voyage number | equals | 1806Z | |
| Date of departure | equal | 18/11/2020 | |
| Nature | equals | 22 | |
| Carrier | all | | |
| Registration Number | all | | |
| Registration Year | all | | |
| Registration Date | all | | |
| Vessel Name | all | | |

### General Segment: View, Modify, Close করার জন্য নীচের ইমেজ অনুসরণ করুনঃ


উপরে বর্ণিত পদক্ষেপ অনুসরণের মাধ্যমে General Segment পাওয়া গেলে মাউসের মাধ্যমে Right Click করলে View, Modify Registered Manifest, Close EGM অপশন পাওয়া যাবে। View অপশনে ক্লিক করলে General Segment Read only মুডে ভিউ হবে। যদি EGM রেজিষ্ট্রেশনের পরে সংশোধনের প্রয়োজন হয়, তবে Modify Registered Manifest অপশনে ক্লিক করতে হবে।





Modify Registered Manifest অপশনে ক্লিক করলে General Segment retrieve হবে।





তারপর General Segment এর উপরের টুলবার (**উপরের ইমেজের ৩য় আইকন**)) হতে আইকনে ক্লিক করে Total BL, Package, Container, Gross Weight চেক করে নিতে হবে। যদি কোন অসামঞ্জস্যতা থাকে, তবে সিস্টেম তা নিম্নরূপে প্রদর্শন করবে।





যেমন উপরের warning মোতাবেক General Segment এ Container এর সংখ্যা ১টি, অন্যদিকে BL অনুসারে Container এর সংখ্যা ২টি। এমতাবস্থায়, EGM Close করার আগে General Segment এ Total BL, Package, Container, Gross Weight চেক করে সংশোধন করা না হলে EGM Close করা যাবে না। সংশোধন শেষে আবার আইকনে ক্লিক করলে সিস্টেম নিম্নরূপ ম্যাসেজ দিবে।





এখন General Segment এর উপরের টুলবার হতে ২য় আইকনে (টিক চিহ্ন) ক্লিক করলে সিস্টেম নীচের ম্যাসেজ প্রদান করবে।



এখন পূর্বে প্রদর্শিত পদক্ষেপ অনুসরণের মাধ্যমে General Segment Finder এ পাওয়া গেলে মাউসের মাধ্যমে Right Click করলে View, Modify Registered Manifest, Close EGM অপশন পাওয়া যাবে।





এখন 


এর উপর ক্লিক করলে General Segment retrieve হবে। তারপর উপরের টুলবার (**নীচে প্রদর্শিত ইমেজ**) হতে ২য় আইকনে  (টিক চিহ্ন) ক্লিক করতে হবে।



 এ আইকনে ক্লিক করার পর সিস্টেম নীচের কনফারমেশন ম্যাসেজ প্রদান করবে।




এখন  (টিক চিহ্ন) আইকনে ক্লিক করতে হবে। তারপর সিস্টেম নিম্নের Close EGM নিশ্চিতকরণ ম্যাসেজ প্রদান করবে।




এখন  (টিক চিহ্ন) আইকনে ক্লিক করতে হবে। এখন পূর্বে প্রদর্শিত পদক্ষেপ অনুসরণের মাধ্যমে General Segment Finder এ পাওয়া গেলে মাউসের মাধ্যমে Right Click করলে View, Lock, Details অপশন পাওয়া যাবে। এটা নিশ্চিত করে যে, EGM Close সম্পন্ন হয়েছে।

